

বিনিয়োগ কৌশলের আদর্শ পত্রিকা

# সিন্ধুক দর্শন

## মিউচুয়াল ফান্ডে বিনিয়োগের এটাই কি সঠিক সময় ?



০১|জুলাই সংখ্যা|২০২০|₹ ৫:০০
WWW.SINDHUK.COM





# মিউচুয়াল ফান্ড কি এবং এটি কিভাবে কাজ করে (WHAT IS MUTUAL FUND AND HOW DOES IT WORK)

**মিউচুয়াল ফান্ড** :-

উপার্জন, সঞ্চয় ও বিনিয়োগ – এই সব শব্দ গুলির সাথে আমাদের পরিচিতি বহু পুরানো , কিন্তু প্রকৃত ভাবে এই শব্দ গুলির যথাযথ মানে কি আমরা জানি ও তার অনুধাবন করে থাকি ? অর্থনৈতিক অগ্রগতি সুদূরপ্রসারী করার উদ্যেশ্যে আমাদের প্রত্যেকেরই উচিত সঞ্চয় ও বিনিয়োগ সংক্রান্ত কিছু জিনিসের ধারণা পরিষ্কার করে নেওয়া , যা আমাদের আর্থিক ঝুঁকির ক্ষমতার বিচারের মাধ্যমে আমাদের বিনিয়োগকে যুগোপযোগী করে বিশ্ব অর্থনীতির সাথে তাল মিলিয়ে সমৃদ্ধির পথের অংশীদার হতে সাহায্য করবে |

আমরা সকলেই উপার্জিত অর্থের উদ্বৃত্ত অংশ কোনো না কোনো খাতে বিনিয়োগ করে থাকি ভবিষ্যতের অর্থনৈতিক চাহিদা পূরণের উদ্যেশ্যে | কিন্তু আপনি কি কখনো ভেবে দেখেছেন বাজারে উপলব্ধ সাধারণ বিনিয়োগজাত দ্রব্য আপনার অর্থনৈতিক ঝুঁকির নেওয়ার ক্ষমতা অনুসারে কাজ করে থাকে কি না ? উক্ত বিনিয়োগ থেকে লব্ধ রিটার্ন যুগোপযোগী কিনা ? ক্রমবর্ধমান মুদ্রাস্ফীতি ও বৈদেশিক মুদ্রার বিনিময় প্রভৃতির বৃদ্ধির হার কে টক্কর দিয়ে আপনার বিনিয়োগ কি আপনাকে যথাযথ রিটার্ন দিয়ে আপনার ভবিষ্যৎ সুনিশ্চিত করতে সক্ষম ? বাজারে উপলব্ধ শত শত বিনিয়োগ দ্রব্যের মধ্যে আপনার জন্য কোনটি উপযুক্ত ? কোন নীতিতে কিভাবে বিনিয়োগ আপনার বর্তমান সকল চাহিদার পূরণের পর আপনার ভবিষ্যতের সকল চাহিদা পূরণে সক্ষম ?

এতো প্রশ্নের সম্মুখীন হয়ে প্রশ্নবাণে জর্জরিত হয়ে আপনি কি বিমর্ষ হয়ে পড়লেন নাকি? দেখুন আবারও প্রশ্ন| আসলে বিনিয়োগ এমন একটি বিষয় যা শুরু করতে গেলে ও যার সম্বন্ধে আলোচনা করতে গেলে প্রশ্ন ও প্রশ্নের ভিতর প্রশ্নের উত্থান হবেই , এটাই স্বাভাবিক | ঘাবড়ে যাবেন না আপনার অমূল্য সময় নষ্ট করা আমার উদেশ্য নয় | আমি চাই আপনাকে সরল ভাষায় বিনিয়োগ সংক্রান্ত কিছু উপাদানের বিষয়ে ধারণা দিতে, আশা করবো যা আপনাকে তো বটেই এবং আপনার মাধ্যমে অন্যদেরও যাতে এই সম্পর্কিত ধারণা দিতে পারে |

আমার মনে হয় আপনি অবশ্যই চাইবেন আপনার পরিশ্রমের উপার্জনের উদ্বৃত্ত এমন কোথাও বিনিয়োগ করতে যা আপনাকে বাজার চলতি অন্য অর্থনৈতিক উপাদানের থেকে বেশি রিটার্ন দিতে সক্ষম |

হ্যা ---- নাকি ---- না ?
যদি হ্যা হয় তাহলে আমি মনে করি এই লেখনী আপনার অর্থনৈতিক চাহিদা পূরণের ক্ষেত্রে কিছুটা হলেও সাহায্য করবে |
বাজার চলতি যে সকল অর্থনৈতিক উপাদান গুলি আমাদের সামনে বহুল প্রচলিত সেই গুলি হলো :
সেভিংস // রেকারিং ডিপোজিট // ফিক্সড ডিপোজিট // MIS // PPF প্রভৃতি


প্রকৃত ভাবে বিশ্ব অর্থনীতির সাথে তাল মিলিয়ে চলার জন্য আমাদের এই প্রচলিত বিনিয়োগের ধরণ থেকে বেরিয়ে অন্য উপাদান সমূহের দিকে নজর দেওয়া প্রয়োজন, যা উল্লিখিত উপাদানের থেকে বেশি রিটার্ন দিতে সক্ষম | যে সকল বিনিয়োগকারী বিনিয়োগসংক্রান্ত বিশেষ বিশ্লেষণ ব্যাতিত নিজেদের বিনিয়োগের থেকে বাজার চলতি চিরাচরিত বিনিয়োগের উপাদানের থেকে বেশি রিটার্ন আয় করতে চান তাদের জন্য " মিউচুয়াল ফান্ড " উপযোগী বিনিয়োগের উপাদান হিসাবে বেশ আকর্ষণীয় | বিভিন্ন বিনিয়োগকারীর চাহিদা অনুসারে বিভিন্ন বৈচিত্রের মিউচুয়াল ফান্ড আজ উপলব্ধ | সাধারণ ভাবে দেখলে যা বোঝা যায় তা হলো মিউচুয়াল ফান্ড একটি কোম্পানির দ্বারা পরিচালিত পোর্টফোলিও যা সাধারণ বিনিয়োগকারীদের বিনিয়োগে রাশির দ্বারা নির্মিত কিন্তু যার পরিচালনার ভার বিশেষ অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তিবর্গ ও কোম্পানি নিয়ে থাকেন |

একটু ভেবে দেখুন আজ যদি আপনাকে কোনো নির্দিষ্ট জায়গা থেকে অপর কোনো নির্দিষ্ট স্থানে যেতে হয় তাহলে আপনাকে অবশ্যই কোনো না কোনো যানবাহনের সাহায্য নিতে হবে | অথবা আপনাকে নিজে নিজের গাড়ি চালিয়ে উক্ত নির্দিষ্ট গন্তব্যে পৌঁছতে হবে | আরও গভীর ভাবে ভাবলে দেখতে পারবেন যে, যদি আপনি নিজে গাড়ি চালিয়ে উক্ত গন্তব্যে পৌঁছাতে চান তাহলে আপনার কাছে গাড়ি থাকতে হবে , আপনাকে গাড়ি চালানোর উপযুক্ত কৌশল জানতে হবে , গাড়ি চালানোর জন্য উপযুক্ত প্রশিক্ষণ নিয়ে তার জন্য চালনা করার অনুমতিপত্র পেতে হবে , এছাড়াও আপনার আলোচ্য গন্তব্যের রাস্তা সম্পর্কে সম্যক জ্ঞান থাকতে হবে , রাস্তার ভৌগোলিক পরিবেশ , নদী – নালা , ব্রিজ প্রভৃতির বিষয়েও জ্ঞান থাকা গুরুত্বপূর্ণ | এই ব্যবস্থায় আপনি আপনার পছন্দমতো সময়ে গন্তব্যে পৌঁছাতে পারলেও আপনার খরচ বৃদ্ধি পাবে ও রাস্তার বিভিন্ন ঝুঁকি, বাধা অতিক্রম করতে হবে আপনাকে নিজেই তার ফলে যাত্রার ঝুঁকি বৃদ্ধি পাবে |

কিন্তু যদি আপনি গণ পরিবহনে যাত্রা করেন তাহলে আপনাকে গাড়ি চালাতে জানতে হবে না , কিন্তু স্বল্প খরচে নির্দিষ্ট সময়ে আপনি আপনার গন্তব্যে পৌঁছাতে পারবেন | এই ব্যবস্থায় আপনার ব্যক্তিগত গাড়ি চালানোর ঝুঁকি থাকবে না , কিন্তু অভিজ্ঞ ড্রাইভার আপনাকে আপনার নির্দিষ্ট গন্তব্যে পৌঁছে দিতে সাহায্য করবে|

আমার মনে হয় ওপরের আলোচনা থেকে আপনি কিছুটা ধারণা করতে পেরেছেন আমি কি বোঝাতে চাইছি।

আসলে মিউচুয়াল ফান্ড হলো পেশাদার ফান্ড ম্যানেজারদের দ্বারা নির্মিত ও নিয়ন্ত্রিত এমন একটি ব্যবস্থা যা ছোট ছোট বিনিয়োগকারীদের থেকে টাকা সংগ্রহ করার মাধ্যমে তার দ্বারা বড় পোর্টফোলিও বানিয়ে সেটি বহু সেক্টরে বিভক্ত করে বিনিয়োগ করে থাকে। যেহেতু অর্থনীতি একটি অত্যন্ত সুক্ষ ও সংবেদনশীল বিষয় তাই পেশাদার ফান্ড ম্যানেজার ও তাদের গবেষকরা এই বিনিয়োগের পূর্বে অতীত ও বর্তমান অর্থনৈতিক অবস্থার পরিসংখ্যান বিচারের নিরিখে এবং ভবিষ্যৎ অর্থনৈতিক অবস্থার উন্নতির বিচারের মাধ্যমে বিনিয়োগের কৌশল নির্ণয় করে থাকেন। যেহেতু বহু বিনিয়োগকারীর টাকা একত্র করে ও ভবিষ্যৎ মুদ্রাস্ফীতির সম্যক গণনার পর বিনিয়োগ করা হয় যার ফলে ক্ষুদ্র বিনিয়োগকারীদের একক ঝুঁকির পরিমান অনেকাংশেই হ্রাস পায় যা বিনিয়োগে রাশির শ্রীবৃদ্ধির পথ সুগম করে তোলে।




**মিউচুয়াল ফান্ড হলো এমন এক ব্যবস্থা যা একজন ক্ষুদ্র বিনিয়োগকারীকে – ইকুইটি স্টক , বন্ড ,কমোডিটি প্রভৃতি উপকরণে একত্র ভাবে বিনিয়োগের সুবিধা প্রদান করে , ও তার বৃদ্ধি প্রাপ্ত দামের উপর লভ্যাংশের অংশীদার হতেও সাহায্য করে থাকে। মিউচুয়াল ফান্ড পরিচালনা** AMC **(অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি) রা করে থাকে। এই ব্যবস্থায় যুক্ত সকল** AMC **(অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি) গুলিকে ভারতীয় আর্থিক বাজারের সর্বময় কর্তা** SEBI **(সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া)দ্বারা নিবন্ধীকৃত হওয়া বাধ্যতামূলক।এই সকল** AMC **(অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি) গুলি বিনিয়োগকারীদের থেকে টাকা গ্রহণ ও তার বিনিয়োগ করার লাইসেন্সের অধিকারী হয়ে থাকেন।**

এই ব্যবস্থায় একজন বিনিয়োগকারীকে লগ্নি সংক্রান্ত কোনো বিশ্লেষণেরই প্রয়োজন থাকেনা। এই সকল দ্বায়িত্ব AMC (অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি) র পক্ষ থেকে তার গুরুত্বপূর্ণ পদাধিকারী ফান্ড ম্যানেজার ও তার আর্থিক গবেষকগণ করে থাকেন।

চাহিদার উপর ভিত্তি করে বিভিন্ন বৈচিত্রের মিউচুয়াল ফান্ড আজ বাজারে উপলব্ধ।
* এক্সচেঞ্জ ট্রেডেড ফান্ড।
* গোল্ড ফান্ড।
* ইকুইটি লিঙ্কড সেভিংস ফান্ড।
* ফিক্সড ইনকাম ফান্ড।
* ডেট ফান্ড।
* গ্রোথ ফান্ড।
* গারান্টেড রিটার্ন ফান্ড।
* হাইব্রিড ফান্ড, প্রভৃতি।

একজন বিনিয়োগকারী তার বর্তমান আয় – ব্যয়ের স্বাপেক্ষে ও ভবিষ্যৎ অর্থিক চাহিদার বিশ্লেষণ করানোর মাধ্যমে বাজারে উপলব্ধ ফান্ডের মধ্যে থেকে তুলনামূলক উপযুক্ত ফান্ড চয়নের সুযোগ পেয়ে থাকেন। এই ব্যবস্থায় এককালীন,মান্থলি,ত্রৈমাসিক,বিভিন্ন ভাবে বিনিয়োগের রাস্তা খোলা আছে। যেহেতু সংখ্যাগরিষ্ঠ মিউচুয়াল ফান্ড মাঝারি থেকে দীর্ঘ মেয়াদি হয়ে থাকে তাই রিটার্নের সম্ভাবনা অন্যান্য শর্ট টার্ম বিনিয়োগ অপেক্ষা বেশি ও নিরাপদ।

বিভিন্ন বিনিয়োগকারী তার চাহিদা অনুযায়ী উপযুক্ত ফান্ড চয়ন করার মাধ্যমে মিউচুয়াল ফান্ডে বিনিয়োগ করেন ও সর্বজনের সম্বলিত অর্থ রাশি ফান্ড ম্যানেজার অর্থনৈতিক পরিস্থিতির বিচারের পর বিনিয়োগ করেন। সমগ্র বিনিয়োগকৃত অর্থ রাশিকে AUM (অ্যাসেট আন্ডার ম্যানেজমেন্ট) বলা হয়ে থাকে।একজন ফান্ড ম্যানেজার AUM (অ্যাসেট আন্ডার ম্যানেজমেন্ট) জমা রাশিকে গবেষণার মধ্যে দিয়ে ডাইভার্সিফিকেশন ও সেক্টর বিভাজনের দ্বারা তার ভার বন্টন করে বিভিন্ন ক্ষেত্রে বিনিয়োগ করে থাকেন। এর পর NAV (নেট অ্যাসেট ভ্যালু) নির্ণয় করে তার পারফরম্যান্সের উপর ভিত্তি করে উক্ত ফান্ডের সবলতা ও দুর্বলতা বিচার করা হয়ে থাকে।

$$\text{NAV} = \frac{\text{Sum of Total Market Value} - \text{Liabilities}}{\text{Total No. of Outstanding}}$$

**বাজারের পরিস্থিতি ও ফান্ড ম্যানেজারের পারফরম্যান্সের ভিত্তিতে যদি ফান্ড ভালো পারফর্ম করে তাহলে** NAV **এর বৃদ্ধি লক্ষ্য করা যায় যার ফলে একজন বিনিয়োগকর্তার বিনিয়োগ রাশিতেও যার প্রভাবের ফলে তাতেও উত্থান নজরে আসে |বর্তমানে ভারতে প্রচলিত ইকুইটি , ব্যালান্সড , ডেট ও** ETF **ফান্ডের শীর্ষ পারফরমারদের তালিকা :**

## TOP PERFORMING FUNDS

This table displays a category-wise list of the funds CRISIL has given a 4-star or 5-star rating. Top performing funds have been selected after sorting 1
returns. You can use this table to check... More +

Equity | Equity-Focused | Debt Long Term | Debt Short Term | Hybrid | Tax-saving

| Large Cap Fund » | Crisil Rank | AUM (Cr) | 1 M | 6 M | 1 Y | 3 Y | 5 Y |
|---|---|---|---|---|---|---|---|
| CR Bluechip Equity Fund - D (G) | 5★ | 29.92 | 4.80% | -2.40% | 3.40% | 8.80% | 9.00% |
| JM Large Cap Fund - D (G) | 5★ | 3.86 | 4.30% | 0.20% | 2.10% | 4.40% | 5.00% |
| CR Bluechip Equity Fund (G) | 5★ | 234.78 | 4.60% | -3.10% | 1.90% | 7.50% | 7.80% |
| JM Large Cap Fund (G) | 5★ | 1,857.50 | 4.20% | -0.30% | 1.10% | 3.40% | 3.70% |
| BNP Paribas Large Cap Fund - D (G) | 4★ | 72.91 | 5.60% | -5.20% | -0.40% | 5.10% | 6.60% |
| **Multi Cap Fund »** | **Crisil Rank** | **AUM (Cr)** | **1 M** | **6 M** | **1 Y** | **3 Y** | **5 Y** |

SOURCE:HTTPS://COIN.ZERODHA.COM/

** পাঠকদের তাদের অভিমত প্রকাশের জন্য ও কোনো জিজ্ঞাস্য থাকলে **WWW.SINDHUK.COM** ব্যবহারের অনুরোধ করা হচ্ছে |


## TOP PERFORMING FUNDS

This table displays a category-wise list of the funds CRISIL has given a 4-star or 5-star rating. Top performing funds have been selected after sorting 1Y returns. You can use this table to check... More +

Equity | Equity-Focused | Debt Long Term | Debt Short Term | Hybrid | Tax-saving

| Large Cap Fund » | Crisil Rank | AUM (Cr) | 1 M | 6 M | 1 Y | 3 Y | 5 Y |
|---|---|---|---|---|---|---|---|
| CR Bluechip Equity Fund - D (G) | 5★ | 29.92 | 4.80% | -2.40% | 3.40% | 8.80% | 9.00% |
| JM Large Cap Fund - D (G) | 5★ | 3.86 | 4.30% | 0.20% | 2.10% | 4.40% | 5.00% |
| CR Bluechip Equity Fund (G) | 5★ | 234.78 | 4.60% | -3.10% | 1.90% | 7.50% | 7.80% |
| JM Large Cap Fund (G) | 5★ | 1,857.50 | 4.20% | -0.30% | 1.10% | 3.40% | 3.70% |
| BNP Paribas Large Cap Fund - D (G) | 4★ | 72.91 | 5.60% | -5.20% | -0.40% | 5.10% | 6.60% |

# মিউচুয়াল ফান্ডে বিনিয়োগ করার সময় মানুষের করা ১০ টি ভুল

মিউচুয়াল ফান্ডের বিনিয়োগে বাজারগত ঝুঁকি রয়েছে " আপনি নিশ্চই এই লাইনটির সাথে পরিচিত – কোনো না কোনো সময়ে কোনো একজন ভয়েসভার আর্টিস্টের গলায় এটি শুনে থাকবেন TV তে বিজ্ঞাপনের সময়ে , যা আপনাকে বিনিয়োগকারী হওয়ার আমন্ত্রণ / আহ্বান জানায় | মিউচুয়াল ফান্ডের বিনিয়োগের ক্ষেত্রে বাজারগত ঝুঁকি রয়েছে এই বিষয়ে অবগত থাকলেই আপনি বিনিয়োগকরার সময় করা কিছু ভুল থেকে নিজেকে রক্ষা করতে পারবেন না |

প্রথমত, আপনি যদি এখনও মিউচুয়াল ফান্ডে  বিনিয়োগ শুরু না করে থাকেন তাহলে আপনাকে যত শীগ্র  সম্ভব শুরু করার পরামর্শ দেওয়া হচ্ছে | পরবর্তী মাসের বেতন / আয়ের সাথে সাথেই বিনিয়োগ শুরু করুন, মিউচুয়াল ফান্ডে বিনিয়োগের ক্ষেত্রে সময় হাতে নিয়ে বসে থাকবেন না, শুরু করা কখনোই দেরি নয় ,যেহেতু এখানকার সকল স্কিম গুলোই বিভিন্ন সেক্টররের উপর বিভাজিত তা আপনাকে চাহিদামতো বেছে নিতে সাহায্য করবে |     তবুও, আপনার আর্থিক লক্ষ্য সম্পর্কে সচেতনতা অপরিহার্য এবং আপনার বিনিয়োগের সিদ্ধান্তের দিকনির্দেশনা করা উচিত।

ভারতীয় বাজারে অনেক বিনিয়োগকারী তাদের বিনিয়োগের সময় অজ্ঞতা এবং কৌশলগত ভুলের শিকার হয়েছেন | সুতরাং উল্লিখিত ১০ টি ভুল যা মিউচুয়াল ফান্ড বিনিয়োগের সময় বিবেচনা করে এড়িয়ে চলার  বাঞ্চনীয় |

১ . আর্থিক লক্ষ্যে পরিষ্কার নয় :-

গাড়ি কেনা হোক, আপনার সন্তানের পড়াশোনা ,বা বিলাসবহুল ছুটি কাটানো হোক বা অবসর গ্রহণ , আপনার প্রয়োজনীয়তা বুঝে বিনিয়োগের দিকে প্রথম পদক্ষেপ করুন |

যদি TAX SAVINGS আপনার লক্ষ্য হয়ে থাকে তাহলে TAX SAVINGS তহবিল হিসাবে পরিচিত মিউচুয়াল ফান্ড স্কিম ( ELSS )  কে চয়ন করতে পারেন |যখন আপনি কোনো নির্দিষ্ট লক্ষ মাত্রা নির্ধারণ করেন তখন সেই লক্ষে পৌঁছানোর জন্য আপনাকে সময়সীমার সাথে অর্থ বরাদ্দের দিকেও নজর দিতে হবে যা আপনাকে সঠিক মিউচুয়াল ফান্ড স্কিম / তহবিল নির্ধারণ করতে সাহায্য করবে | কোনো নির্দিষ্ট আর্থিক লক্ষ্যহীন বিনিয়োগ আপনার বিনিয়োজিত অর্থরাশি থেকে উপযুক্ত রিটার্ন প্রদানে সক্ষম নয় এবং বিনিয়োগকে দিশাহীন করার তুলতে পারে |

২. নিজের ঝুঁকি নেওয়ার ক্ষমতা সম্পর্কে অবগত নন :

আপনার ঝুঁকি প্রোফাইল বলতে  বিনিয়োগের সময় আপনি যে পরিমাণ ঝুঁকি নিতে (ঝুঁকি ক্ষুধা) নিতে সক্ষম তা বোঝায় | এটি আপনার বয়স, আপনি কি ধরণের জীবিকা নির্বাহ করেন এবং আপনার আর্থিক দায়বদ্ধতার উপর নির্ভর করে।

আপনি যদি নতুন বিনিয়োগকারী হন, যিনি সদ্য উপার্জন করা শুরু করেছেন  এই ক্ষেত্রে আপনার বিনিয়োগের দিগন্তটি কোনও মধ্যবয়স্ক ব্যক্তির চেয়ে আলাদা হওয়া স্বাভাবিক যিনি হয়তো ফ্রেশারের চেয়ে তুলনামূলকভাবে বেশি উপার্জন করেন তবে তার লক্ষ্য দীর্ঘমেয়াদী নয় ।আপনার ঝুঁকি প্রোফাইল বলতে বিনিয়োগের সময় আপনি যে পরিমাণ ঝুঁকি নিতে (ঝুঁকি ক্ষুধা) নিতে সক্ষম তা বোঝায় | এটি আপনার বয়স, আপনি কি ধরণের জীবিকা নির্বাহ করেন এবং আপনার আর্থিক দায়বদ্ধতার উপর নির্ভর করে। আপনি যদি নতুন বিনিয়োগকারী হন, যিনি সদ্য উপার্জন করা শুরু করেছেন  এই ক্ষেত্রে আপনার বিনিয়োগের দিগন্তটি কোনও মধ্যবয়স্ক ব্যক্তির চেয়ে আলাদা হওয়া স্বাভাবিক যিনি হয়তো ফ্রেশারের চেয়ে তুলনামূলকভাবে বেশি উপার্জন করেন তবে তার লক্ষ্য দীর্ঘমেয়াদী নয় । ওপরের এই দুটি ঝুঁকিপূর্ণ প্রোফাইলই কোনও অবসরপ্রাপ্ত ব্যক্তির ঝুঁকি নেওয়ার মাত্রার নিরিখে পার্থক্য হবে | দেখা গেছে একজন অবসরপ্রাপ্ত লোক সর্বদা চান এমন বিনিয়োগ উপাদান যাতে ঝুঁকির মাত্রা কম থাকবে নিরাপদে তহবিল গচ্ছিত করার সাথে যা সম্পদ তৈরি করতেও সক্ষম থাকবে |

৩. ভ্রান্ত বাজেটিং :

একজন বিনিয়োগকারীকে সিস্টেমেটিক ইনভেস্টমেন্ট প্ল্যান (SIP)  বা এককালীন পরিমাণে তহবিল ইউনিট / মিউচুয়াল ফান্ড ইউনিট কেনার আগে তার  প্রধান অবিচ্ছেদ্য আর্থিক দায়িত্ব এবং দায়গুলি সম্পর্কে সচেতন হওয়ার প্রয়োজন |

অন্যের থেকে টাকা ঋণনিয়ে কখনোই বিনিয়োগ করবেন না এই ক্ষেত্রে আপনার ঝুঁকির পরিমান বৃদ্ধিপ্রাপ্ত  হবে এবং আপনার লক্ষ্যেপৌঁছানোর ক্ষেত্রে বাধা হয়ে দাঁড়াতে পারে | যাই হোক না কেন ছোট পরিমানে শুরু করুন এবং SIP তে শিরে শিরে বিনিয়োগের অভ্যাস গড়ে তুলুন | যখন আপনার হাতে পর্যাপ্ত টাকার যোগান থাকবে শুধু তখনই আপনার ক্রয় করা যেসকল মিউচুয়াল ফান্ড স্কিম অথবা অন্যান্য যে সকল স্কিমগুলি ভালো পারফর্ম করছে  সেইগুলিতে অতিরিক্ত ইউনিট ক্রয়ের প্রয়াস করুন | যখন দৈনন্দিন জীবনের প্রজনের কারণে আপনার হাতে র নগদ টাকার প্রতিকূলতা থাকবে সেই সময়ে কখনোই মিউচুয়াল ফান্ড স্কিম বা অন্যান্য তহবিলের মধ্যে টাকা বিনিয়োগ করে ঝুঁকি বাড়িতে তুলবেন না |

৪. শর্ট টার্ম বিনিয়োগের ক্ষেত্রে ইকুইটি সংক্রান্ত বিনিয়োগপণ্যকে চয়ন :

বেশিরভাগ ক্ষেত্রেই দেখা যায় মিউচুয়াল ফান্ড স্কিমগুলি ইক্যুইটি এবং DEBT  তহবিলের সমন্বয়ে গঠিত | ডাইরেক্ট ইকুইটি বিনিয়োগের ক্ষেত্রে শর্ট টার্মে বেশি রিটার্নের সুযোগ থাকলেও, ইকুইটির সাথে সম্পর্কিত মিউচুয়াল ফান্ডের ক্ষেত্রে দৃঢ়তার সাথে উচ্চ রিটার্ন আয় করার জন্য সুরক্ষা ব্যবস্থার দিকে বেশি নজর দেওয়া হয়ে থাকে বলে অনেক বেশি সময় লাগে | অনেক ক্ষেত্রেই এই দুই পৃথকীকরণ করতে না পেরে অনেকে শর্ট টার্ম মিউচুয়াল ফান্ড ইকুইটি স্কিমের মধ্যে বিনিয়োগ করে ফেলেন ( ১ মাস থেকে – ১ বছর ) যা শর্ট টার্মে আশানরুপ রিটার্নে সমর্থ নয় এবং প্রত্যাশার ভুল ঘটে থাকে | বিকল্প হিসাবে আপনি যদি স্বল্প মেয়াদি ক্ষেত্রে স্ট্যান্ডার্ড রিটার্ন আসা করে থাকেন তাহলে DEBT তহবিলকে বিবেচনা করতে পারেন | যাই হোক না কেন সব ক্ষেত্রেই কিন্তু হাতে যথেষ্ট পরিমান টাকা রেখেই বিনিয়োগের পথে পা বাড়ানো উচিত |

৫. অতিরিক্ত উৎসাহের সাথে বিনিয়োগ:

অনেকগুলি স্কিম বা বেশি বৈচিত্র্যকরণেরও বিনিয়োগ উপায়ে আপনাকে ভালোর চেয়ে বেশি ক্ষতি করতে পারে।প্রথমত একটি বিশেষ স্কিম সন্ক্রান্ত  পারফরম্যান্সের উপর নজর রাখা জটিল হতে পারে। দ্বিতীয়ত, এমনকি একই বিভাগের মধ্যে বিভিন্ন ধরণের তহবিলের (উদাহরণস্বরূপ ইক্যুইটি) বিভিন্ন বিনিয়োগের কৌশল থাকবে।বিভিন্ন ধরণের স্কিমগুলিতে বিনিয়োগ একদিকে আপনার এক্সপোজারকে বাড়িয়ে তুলবে ঠিক কিন্তু সাথে সাথে ঝুঁকিও বাড়িয়ে তুলতে পারে।একজন মানুষের জন্য উপযুক্ত ভাবে দেখতে গেলে সর্বোচ্চ 4-5 ইক্যুইটি স্কিম এবং কয়েকটি DEBT বা ইনডেক্স তহবিল ক্রয়ের পরামর্শ দেওয়া হচ্ছে।

৬. বাজারের সঠিক সময় নির্ধারণ :

এটি একজন পাকা পোক্ত ব্যববসায়ী মানুষের কাছে সাধারণ বিষয় হলেও সাধারণ মানুষের জন্য অতটা সহজ নয় | শেয়ার বাজারে শেয়ার কেনা বেচার কথা আমরা সকলেই জানি এবং অবগত কিন্তু শেয়ার বাজারে ইকুইটি ট্রেডিং এবং  বিনিয়োগের জন্য মিউচুয়াল ফান্ডে নিবেশ মোটেও এক জিনিস নয় | মিউচুয়াল ফান্ড বিনিয়োগকারী হিসাবে বাজারকে সময়ের নিরিখে বিচার করা আপনার মোটেও প্রথম কর্তব্য নয় – যদি আপনি SIP বিনিয়োগ করে থাকেন | যদি আপনি এককালীন অনেক টাকা বিনিয়োগ করতে চান সেই ক্ষেত্রে বাজার নিরীক্ষণ করা জরুরি কারণ পার্টি বাজারে কম দামে আপনি অপেক্ষাকৃত বেশি ইউনিট ক্রয়ের সুযোগ পাবেন |  তবে তবুও, আপনার সময়টি হ্রাস পেতে পারে এমন ঝুঁকিটি যথাযথ হওয়ার চেয়ে বেশি |বাজকারের প্রবণতা ব্যবহার করে শান্ত স্নিগ্ধ ভাবে পোর্টফিলকে কনফিগার করার দরকার এতো মোটেও লম্ফো ঝম্প করে করার বিষয় নয় | নতুন মিউচুয়াল ফান্ড বিনিয়োগকারী হিসাবে এতো ভাবনা চিন্তা করে সব কিছু গন্ডগোল না পাকিয়ে ধীরে ধীরে SIP বিনিয়োগের বিষয়ে নজর দিন যা সঠিক হবে |

৭. নিজের পোর্টফোলিও সম্পর্কে আত্মতুষ্ট হওয়া:

আগেই বলা হয়েছে আপনি যেসকল SIP  তে বিনিয়োগ করেছেন সেগুলোতে রোজ রোজ ফায়ার তাকাবেন না – ওগুলোকে তাদের নিজের মতো কাজ করতে দিন | এই বলা যেতে পারে  নির্দিষ্ট সময় অন্তর কি প্রকার রিটার্ন তৈরী হচ্ছে তা নজরে রাখা যেতে এপ্রেন সাথে সাথে সময় সাময়িক বিভাগের অন্যানদের প্রতিও একবার চোখ বুলিয়ে নিতে হবে | যদি আপনার বিনিয়োগ করা স্কিমটি সঠিক ভাবে পারফর্ম না করে তাহলে সেটি বন্ধ করার অপসন থাকলে বন্ধ করে এক বিভাগের ভালো পারফর্ম করা  স্কিমটিতে শিফট করে যান | আপনি যখন এটি করার সিদ্ধান্ত নেবেন তখন কিছুটা গবেষণা প্রয়োজন হবে। সামষ্টিক অর্থনৈতিক পরিস্থিতিতে বা নির্দিষ্ট সেক্টরের কর্মক্ষেত্রে একটি বড় নীতি পরিবর্তনও কম বা নেতিবাচক রিটার্নের দিকে নিয়ে যেতে পারে আপনার বিনিয়োগ করা স্কিমটিকে , আপনি আপনার পোর্টফোলিওর কার্যকারিতা পর্যালোচনা করার সময় সতর্ক হন, অন্যথায় বিশেষজ্ঞের পরামর্শ নিন।

৮. আবেগ চালিত সিদ্ধান্ত :

এটি অবিশ্বাসের কোনো জায়গা নাই যে মানুষ আবেগপ্রবণ তাই কিছু সিধান্য মানুষ আবেগ থেকেই নিয়ে ফেলে | কিন্তু দূরবর্তী দৃষ্টি ও লুখ সম্পন্ন আর্থিক পরিকল্পনা সিদ্ধান্ত আপনাকে সুন্দর পরিণতির দিকে এগিয়ে দিতে পারে |বিনিয়োগের সময় ব্যক্তিগত পক্ষপাতদুষ্ট না হওয়ায় উচিত – যথা কোন অফেন্ড হাউসের নাম ও স্কিমের আকর্ষণীয় নামের প্রতি আকর্ষিত না হয়ে নিজের কোনটি প্রয়োজন তার বিচার করুন | এই সকল দিক বিবেচনার জন্য নিজের বুদ্ধিমত্তার ব্যবহার করুন না আপনাকে ভবিষ্যতের বোরো পরিমানে ফান্ড সঞ্চয়ে সাহায্য করবে |

৯. মূল্যবৃদ্ধির গুণক নয় :

প্রকৃত রিটার্নের পরিবর্তে নামমাত্র রিটার্নগুলিতে দৃষ্টি নিবদ্ধ করা অন্য সাধারণ ভুল | মুদ্রাস্ফীতি এমন একটি উপাদান যা আপনার রিটার্নগুলিতে প্রভাব ফেলতে পারে; অর্থনীতিতে মূল্যস্ফীতি বৃদ্ধির পরে বিনিয়োগের পারফরম্যান্স দেখে আসল রিটার্ন নম্বর পাওয়া যাবে৷ মূল্যবৃদ্ধি আপনার দৈনিন্দিন জীবনযাত্রার মধ্যে কিবাভে প্রভাব বিস্তর করেছে, এবং এর ফলে ক্রমবর্ধমান চাহিদা মেটাতে কিকি জিনিসের প্রয়োজন সেদিকে সর্বদা নজর রাখার প্রয়োজন রয়েছে | দীর্ঘমেয়াদে বিনিয়োগ করা, বিশেষত SIP অর্থনীতিতে মুদ্রাস্ফীতির আঘাতকে –রিটার্নের মধ্যে কম প্রভাব ফেলতে দেয়|

১০. শুধুমাত্র একটি দিকের উপর দৃষ্টি নিবদ্ধ কখ

একটি দিক বা লক্ষ্য আপনার বিনিয়োগের শৈলীতে প্রভাব ফেলতে দেবেন না|উদাহরণস্বরূপ ট্যাক্স সাশ্রয় বা কোনো নির্ধিষ্ট ক্যাটেগরির ব্যবসায়ের উপর অতিরিক্ত ফোকাস|বিনিয়োগের সরঞ্জামের পছন্দকে প্রভাবিত করে এমন মূল কারণগুলির মধ্যে ট্যাক্স সংরক্ষণ হ'ল একটি|আপনি যদি ট্যাক্স প্রদানের পুরানো শৃঙ্খলার সাথে নিবিষ্ট হয়ে থাকেন তবে আপনি কোনও ELSS স্কিম অন্তর্ভুক্ত করতে পারেন, তবে কর্পাস / মূলধন বাড়ানো এবং যথেষ্ট পরিমাণে রিটার্ন অর্জনের উপায় হিসাবে আপনার পোর্টফোলিওটিকে বিবেচনা করুন|অধিকন্তু, ধৈর্যও মূল বিষয়|সুতরাং, ট্রেডিং আপনার পোর্টফোলিওর কেন্দ্রবিন্দু হওয়া উচিত নয়| আপনি বাজারটি নিবিড়ভাবে দেখতে পারেন তবে কোনও তাড়াহুড়োয় (এককালীন বিনিয়োগে) কল কিনতে বা বিক্রয় এড়াতে পারেন|এর কারণ হ'ল তাত্ক্ষণিক বিনিয়োগের সিদ্ধান্তগুলি কেবল উচ্চ লেনদেনের ফী সংযুক্ত থাকে তা আপনাকে ঘন ঘন পোর্টফোলিও মন্থনের ফলে উদ্ভূত অপ্রত্যাশিত ঝুঁকিতে ফেলতে পারে|

বিশেষ সারমর্ম :-

# মিউচুয়াল ফান্ডে বিনিয়োগের এটাই কি সঠিক সময় ?

সংক্ষেপে, কোথায় ভুল হতে পারে তা বোঝা আপনাকে স্বাস্থ্যকর বিনিয়োগের ভবিষ্যতের জন্য প্রস্তুত করে৷ কিছু ঝুঁকি নেওয়ার আগে অবশ্যই বিষয়গুলি মনে রাখতে হবে , তবে আপনার সমস্ত আর্থিক উচ্চাকাঙ্ক্ষাকে পূরণের আশায় এক জায়গায় / একটি স্কিমের মধ্যে যথা সর্বস্ব ঢেলে দেওয়া মোটেও বুদ্ধিমানের কাজ নয় |

**লেখকঃ বিশ্বজিৎ মালাকার, সিন্ধুক এর পক্ষে|**